দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# নর্থ সাউথ ভার্সিটিতে ল’ এ্যান্ড মুটিং সোসাইটি উদ্বোধন

নর্থ সাউথ ইউনিভার্সিটি ‘ল’ এ্যান্ড মুটিং সোসাইটি (এনএসইউএল এমএস) রবিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে যাত্রা শুরু করেছে। সংগঠনটির মাধ্যমে ল’ ডিপার্টমেন্টের শিক্ষার্থীরা তাদের অংশগ্রহণের মাধ্যমে প্রাথমিক স্তরের ওকালতির একটি ব্যবহারিক জ্ঞান লাভ করতে পারবে। সে সঙ্গে ছায়া আদালতের সঙ্গেও তারা পরিচিত হতে পারবে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ‘শ্রম’ ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী এ্যাডভোকেট মুজিবুল হক চুন্নু এমপি। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক জি ইউ আহসান। স্কুল অব হিউম্যানিটিস এ্যান্ড সোশাল সাইন্সেসের ডিন অধ্যাপক আব্দুর রব খানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী, আইন বিভাগের চেয়ারম্যান ড. আবু নোমান মোহাম্মদ আতাহার আলী এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। -বিজ্ঞপ্তি

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর